

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় স্পেশাল জজের কার্যালয়
বরিশাল।

বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত আসামীদ্বয়ের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হয়েছে কিন্তু তাদেরকে না পাওয়ায় তা জারী করা সম্ভব হয় নাই;

এবং যেহেতু ১৮৯৮ খ্রিঃ সনের ফৌজদারী কার্যবিধি'র ৮৭/৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীদ্বয়ের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হয়েছে;

এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করবার মতো যথেষ্ট কারণ রয়েছে যে-নিম্ন বর্ণিত আসামীদ্বয় গ্রেফতার এড়াবার জন্য তারা পলাতক রয়েছে বা আত্মগোপন করেছে;

এবং যেহেতু উক্ত আসামীদ্বয়কে শীঘ্রই গ্রেফতার করবার সম্ভাবনা নাই সেহেতু The Criminal Law Amendment Act, 1958 এর 6[(1A)] ধারা মোতাবেক তাদের (নিম্ন তফসিল বর্ণিত) নামের পার্শ্বে বর্ণিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে তাদেরকে আদালতে হাজির হবার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় তাদের অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হবে।

(১৪৭৭১)

মূল্য : টাকা ৪.০০

তফসিল

ক্রঃ নং	আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
০১।	<p>১। মোঃ দেলোয়ার হাসান, সাবেক শাখা ব্যবস্থাপক, গ্রামীণ ব্যাংক, রায়পাশা বরিশাল শাখা, নবগ্রাম রোড, বরিশাল, পিতা-মোঃ জয়নাল আবেদিন দফাদার, সাং-ছাতিয়ানতলা, থানা-কোতয়ালী, জেলা-যশোর।</p> <p>২। মোঃ শাহ আলম, সাবেক অফিসার, গ্রামীণ ব্যাংক, রায়পাশা বরিশাল শাখা, নবগ্রাম রোড, বরিশাল, পিতা- মোঃ হাতেম আলী পাহলান, সাং-চালিতা বুনিয়া, থানা-শরণখোলা, জেলা-বাগেরহাট।</p>	<p>স্পেশাল মামলা নং ০৮/২০১৮ কোতয়ালী থানার মামলা নং ০৭, তারিখ-০৪-১০-১২ খ্রিঃ, তথা জি, আর-৫৬৮/২০১২, ধারা-Penal Code এর ৪০৯/১০৯ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।</p> <p>(নিয়মিত ধার্য তারিখ ১২-০৫-২০১৯ ইং)।</p>

মোঃ মহসিনুল হক
বিভাগীয় স্পেশাল জজ
বরিশাল।